গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় ও মনিটরিং শাখা
www.mopme.gov.bd

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ১৩ নভেম্বর ২০১৯ তারিখ বুধবার সকাল ১০:৩০ ঘটিকায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আকরাম-আল-হোসেন এর সভাপতিত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা "পরিশিষ্ট ক"-তে সন্নিবেশ করা হলো।

২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনার বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | কর্মপরিকল্পনা | তারিখ ও স্থান | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | প্রাথমিক শিক্ষা প্রাতিষ্ঠানিকীকরণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান। | ২৮ আগস্ট ২০২০ অথবা ২৯ আগস্ট ২০২০ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র | এ বিষয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরীর সাথে আলোচনাক্রমে সভা আহ্বান করতে হবে।<br>বাস্তবায়নে: যুগ্মসচিব (প্রশাসন), প্রাগম। |
| ২ | 'মুজিব বর্ষ' উপলক্ষে ২১ লক্ষ নিরক্ষরকে সাক্ষরতা দান করা হবে। | জুলাই ২০১৯ হতে জুন ২০২০ | (ক) 'মুজিব বর্ষ' উপলক্ষে ২১ লক্ষ নিরক্ষরকে সাক্ষরতা দান করতে হবে। স্থানীয় মাননীয় সংসদ সদস্য ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের সম্পৃক্ত করে জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে সাক্ষরতা দান কার্যক্রম শুরু করতে হবে।<br>বাস্তবায়নে: ডিজি, বিএনএফই। |
| | | | (খ) ২১ লক্ষ নিরক্ষরকে সাক্ষরতা দানের কর্মসূচিভুক্ত জেলা ও উপজেলার তালিকা মেন্টরদের নিকট প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে: ডিজি, বিএনএফই। |
| ৩ | জাঁকজমকপূর্ণভাবে ঢাকায় বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলার আয়োজন করা হবে। | ১৯ মার্চ ২০২০ ঢাকা | (ক) বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের মাঠ পর্যায়ের বাছাই পর্ব ডিসেম্বর ২০১৯ মাসের মধ্যে চূড়ান্ত করতে হবে।<br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই; অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাগম। |
| | | | (খ) আগামী ১৭-৩০ মার্চ ২০২০ তারিখের মধ্যে জাঁকজমকপূর্ণভাবে ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয়ে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলার আয়োজন করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের বিদ্যালয় উইং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে ভেন্যু সংরক্ষণ করবে।<br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই ও অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাগম। |

| ক্রমিক | কর্মপরিকল্পনা | তারিখ ও স্থান | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪ | বিপুল উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে এবং বঙ্গবন্ধুর শিক্ষা বিষয়ক অবদানের উপর বিশেষ গুরুত্বারোপ করে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন করা হবে। | এপ্রিল ২০২০<br>ঢাকা | বিপুল উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে এবং বঙ্গবন্ধুর শিক্ষা বিষয়ক অবদানের উপর বিশেষ গুরুত্বারোপ করে আগামী এপ্রিল ২০২০ মাসে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন করতে হবে এবং প্রাথমিক শিক্ষার নিজস্ব শিল্পগোষ্ঠী দিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই। |
| ৫ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আন্তজার্তিক সাক্ষরতা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে। | ৮ সেপ্টেম্বর ২০২০<br>বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিসিআইসি), ঢাকা<br>ও<br>বিএনএফই চত্বর | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আগামী ৮ সেপ্টেম্বর ২০২০ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিসিআইসি) আন্তজার্তিক সাক্ষরতা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য যথেষ্ট সময় হাতে রেখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সার-সংক্ষেপ প্রেরণ করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী ব্যস্ততার কারণে সময় দিতে না পারলে মহামান্য রাষ্ট্রপতিকে আমন্ত্রণ জানাতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, বিএনএফই। |
| ৬ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বই বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হবে। | ১ জানুয়ারি ২০২০<br>এবং<br>১ জানুয়ারি ২০২১<br>ঢাকা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আগামী ১ জানুয়ারি ২০২০ এবং ১ জানুয়ারি ২০২১ তারিখে বই বিতরণ অনুষ্ঠান আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই। |
| ৭ | 'মুজিব বর্ষ' ব্যাপী প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বঙ্গবন্ধু এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বিভিন্ন সময়ে গৃহীত যুগান্তকারী ও ঐতিহাসিক কর্মসূচি এবং অর্জনসমূহের আলোকে উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম আয়োজন করা হবে। | ০১-১০ মার্চ ২০২০ এর মধ্যে<br>উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায় | 'মুজিব বর্ষ' ব্যাপী প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বঙ্গবন্ধু এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বিভিন্ন সময়ে গৃহিত যুগান্তকারী ও ঐতিহাসিক কর্মসূচি এবং অর্জনসমূহের আলোকে উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই; ডিজি বিএনএফই। |
| ৮ | 'মুজিব বর্ষ' ব্যাপী উপজেলা, জেলা, বিভাগ, পর্যায়ে মা-সমাবেশ আয়োজন এবং ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে অনুষ্ঠেয় সমাবেশে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অংশগ্রহণের বিষয়টিতে সদয় অনুমোদন গ্রহণের ব্যবস্থা নেয়া হবে। | উপজেলা পর্যায়ে- ফেব্রুয়ারি' ২০ এর ১ম সপ্তাহ<br>জেলা পর্যায়ে- ফেব্রুয়ারি' ২০ এর ২য় সপ্তাহ<br>বিভাগ পর্যায়ে- ফেব্রুয়ারি' ২০ এর ৩য় সপ্তাহ | 'মুজিব বর্ষ' ব্যাপী উপজেলা, জেলা, বিভাগ পর্যায়ে মা-সমাবেশ আয়োজন এবং ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে অনুষ্ঠেয় সমাবেশে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অংশগ্রহণের বিষয়টিতে সদয় অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নে: অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাগম। |
| ৯ | 'মুজিব বর্ষ' ব্যাপী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিত 'বঙ্গবন্ধু বুক কর্ণার' কার্যকর করা হবে এবং বঙ্গবন্ধুর জীবন আদর্শের উপর শিশু কিশোরদের উপযোগী সিআরআইসহ অন্যান্য প্রকাশনা প্রতিষ্ঠানের প্রকাশিত বই সংরক্ষণ ও ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিবেচনা করা হবে। | জানুয়ারি ২০২০ হতে মার্চ ২০২০<br>সরকারি প্রাথমিক বিদ্যালয় | 'মুজিব বর্ষ' ব্যাপী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিত 'বঙ্গবন্ধু বুক কর্ণার' কার্যকর করা হবে এবং বঙ্গবন্ধুর জীবন আদর্শের উপর শিশু কিশোরদের উপযোগী সিআরআইসহ অন্যান্য প্রকাশনা প্রতিষ্ঠানের প্রকাশিত বই সংরক্ষণ ও ব্যবহার নিশ্চিত করতে হবে। মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত বাছাইকৃত বই ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'বঙ্গবন্ধু বুক কর্ণার' স্থাপন নিশ্চিত করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই। |

| ক্রমিক | কর্মপরিকল্পনা | তারিখ ও স্থান | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১০ | 'মুজিব বর্ষ' উপলক্ষে সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে শহীদ মিনার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ডিসেম্বর ২০২০ এর মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয় | 'মুজিব বর্ষ' উপলক্ষে আগামী ডিসেম্বর ২০২০ মাসের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয় (হাই স্কুলের সাথে সংযুক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়, যেখানে শহীদ মিনার রয়েছে তা ব্যতীত) প্রাঙ্গনে শহীদ মিনার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই। |
| ১১ | 'মুজিব বর্ষ' উপলক্ষে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'স্টুডেন্টস কাউন্সিল'-কে সম্পৃক্ত করে সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ইত্যাদি আয়োজন করা হবে। | ডিসেম্বর ২০২০ ঢাকা | 'মুজিব বর্ষ' উপলক্ষে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'স্টুডেন্টস কাউন্সিল'-কে সম্পৃক্ত করে সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ইত্যাদি আয়োজন করতে হবে। এ বিষয়ে এখন থেকেই সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই। |
| ১২ | 'মুজিব বর্ষ' উপলক্ষে স্বাধীনতার পর যুদ্ধবিধ্বস্ত দেশের সকল প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের ক্ষেত্রে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ও যুগান্তকারী সিদ্ধান্তের পর প্রাথমিক শিক্ষায় অর্জনসমূহের উপর ডকুমেন্টরি তৈরি করে দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | মার্চ ২০২০ থেকে মার্চ ২০২১ ঢাকা | 'মুজিব বর্ষ' উপলক্ষে স্বাধীনতার পর যুদ্ধবিধ্বস্ত দেশের সকল প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের ক্ষেত্রে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ও যুগান্তকারী সিদ্ধান্তের পর প্রাথমিক শিক্ষায় অর্জনসমূহের উপর ডকুমেন্টরি তৈরি করে দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই; অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাগম। |
| ১৩ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে স্থানীয় প্রশাসনের সার্বিক সমন্বয় সাধন করে র‍্যালির আয়োজন করা হবে। | ৩০ অক্টোবর ২০২০ সরকারি প্রাথমিক বিদ্যালয়, উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কর্মপরিপরিকল্পনাটি গৃহীত না হওয়ায় বাদ দেয়া হলো। |
| ১৪ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে প্রাথমিক শিক্ষার সাথে সংশ্লিষ্ট শিক্ষক, কর্মচারী এবং কর্মকর্তাদের সমন্বয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জাতীয় পর্যায়ে সমাবেশের আয়োজন করা হবে। উক্ত সমাবেশে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ উপস্থিতির জন্য তাঁর সমীপে প্রস্তাব প্রেরণ করা হবে। | ৩০ অক্টোবর ২০২০ জাতীয় প্যারেড গ্রাউন্ড, ঢাকা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কর্মপরিপরিকল্পনাটি গৃহীত না হওয়ায় বাদ দেয়া হলো। |
| ১৫ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে স্বতন্ত্র পেইজ তৈরি করা হবে। | - | ওয়েবসাইটে স্বতন্ত্র পেইজ তৈরী করা হয়েছে এবং এ মন্ত্রণালয়ের 'মুজিব বর্ষ' সংক্রান্ত কার্যক্রম নিয়মিত আপলোড করতে হবে।<br>বাস্তবায়নে : সিস্টেম এনালিষ্ট, প্রাগম |
| ১৬ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে ৩য় ও ৫ম শ্রেণির সকল শিক্ষার্থীর বাংলা পঠন দক্ষতা শতভাগে উন্নীত করার ব্যবস্থা গ্রহণ করা হবে। | জুলাই ২০১৯ থেকে জুন ২০২১ সরকারি প্রাথমিক বিদ্যালয় | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে ৩য় ও ৫ম শ্রেণির সকল শিক্ষার্থীর বাংলা পঠন দক্ষতা শতভাগে উন্নীত করার জন্য মেন্টরগণ কাজ করবেন।<br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই; সকল মেন্টর। |

| ক্রমিক | কর্মপরিকল্পনা | তারিখ ও স্থান | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৭ | 'মুজিব বর্ষ' উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিস্তারিতভাবে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হবে। | ডিসেম্বর ২০২০ ঢাকা | 'মুজিব বর্ষ' উপলক্ষে বিস্তারিতভাবে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি (সকল)। |
| ১৮ | 'মুজিব বর্ষ' উপলক্ষে বাংলাদেশের প্রাথমিক শিক্ষার অর্জনসমূহ আন্তর্জাতিক অঙ্গনে তুলে ধরতে ঢাকায় একটি আন্তর্জার্তিক সেমিনার আয়োজন করা হবে। | জুন ২০২০ ঢাকা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কর্মপরিপরিকল্পনাটি গৃহীত না হওয়ায় বাদ দেয়া হলো। |
| ১৯ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে চলমান স্কুল ফিডিং প্রোগ্রামকে সারাদেশে চালু করার ব্যবস্থা গ্রহণ করা হবে। | জানুয়ারি ২০২০ থেকে ডিসেম্বর ২০২০ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে চলমান স্কুল ফিডিং প্রোগ্রামকে সারাদেশে চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই; অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাগম। |
| ২০ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণসহ প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিষয়ের উপর সকল প্রাথমিক বিদ্যালয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে। | - | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণসহ প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিষয়ের উপর সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি, ডিপিই; ডিজি, বিএনএফই। |
| ২১ | বিবিধ। | - | (ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের সম্ভাব্য বাজেট প্রস্তুত করতে হবে।<br><br>বাস্তবায়নে: ডিজি (সকল); অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট), প্রাগম। |
| | | - | (খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে জাতীয় বাস্তবায়ন কমিটির সমন্বিত কর্মপরিকল্পনার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট অংশের ১ নং কর্মসূচি বাস্তবায়নের জন্য অধীনস্থ দপ্তরসমূহে নির্দেশনা প্রদান করতে হবে।<br><br>বাস্তবায়নে: উপসচিব (সওম), প্রাগম। |
| | | - | (গ) মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় "মুজিব বর্ষ" আলোচ্যসূচিভুক্ত করতে হবে।<br><br>বাস্তবায়নে: উপসচিব (সওম), প্রাগম। |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে প্রতিপালনের জন্য আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

20/11/2019

(মোঃ আকরাম-আল-হোসেন)
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।